গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩২.০০.০০০০.০৬০.১৪.০০১.২০-৪৫ তারিখঃ ১৮/০২/২০২১

বিষয়ঃ **"Integrated Community Based Center for Children and Protection and Swim Safe Facilities Project (1st phase)" শীর্ষক প্রকল্পের ওপর যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২৮/০১/২০২১ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে "Integrated Community Based Center for Children and Protection and Swim Safe Facilities Project (1st phase)" শীর্ষক প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সংঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ** বর্ণনা মোতাবেক।

১৮/২/২০২১
(কিসমত জাহান ফেরদৌসি)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৪১৯৯

**বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর, ঢাকা।
৩। যুগ্ম সচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্ম সচিব (উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (পরিঃ-২) ,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপ সচিব (বাজেট ও অডিট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক, "শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা, (৩য় পর্যায়) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প" বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর এলাকা, ঢাকা।
৮। উপ সচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপ সচিব (উন্নয়ন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সহকারী পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর, ঢাকা।
১১। জনাব মোঃ তারিকুল ইসলাম চৌধুরী, ইসিডি স্পেশালিষ্ট, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর, ঢাকা।

**সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (উপস্থিত কর্মকর্তাবৃন্দের আপ্যায়নের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিঃ ও পরিসংখ্যান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (পরিঃও পরিসংখ্যান অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ** বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রস্তাবিত "Integrated Community Based Center for Children and Protection and Swim Safe Facilities Project (1st phase)" শীর্ষক প্রকল্পের ওপর যাচাই কমিটির **সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ২৮/০১/২০২১ খ্রিঃ। |
| সভার সময় | : | সকাল ১০.০০ টা। |
| স্থান | : | বাংলাদেশ শিশু একাডেমির সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ (পরিশিষ্ট-'ক')। |

২। শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার মূল বিষয় উপস্থাপন করার জন্য যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান) কে আহবান জানান। যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান) বলেন যে, বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রস্তাবিত "Integrated Community Based Center for Children and Protection and Swim Safe Facilities Project (1st phase)" শীর্ষক প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৩১৯৩৩.৭১ লক্ষ টাকা (জিওবি ২৬৮২৯.২২ লক্ষ টাকা ও দাতা সংস্থার অনুদান ৫১০৪.৪৯ লক্ষ টাকা) এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০২১ হতে জুন ২০২৪। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো শিশুর শারীরিক, সামাজিক, বুদ্ধিবৃত্তিক ও ভাষাগত বিকাশের লক্ষ্যে সমন্বিত সেবাসমূহ (স্বাস্থ্য, পুষ্টি, যত্ন, প্রারম্ভিক উদ্দীপনা, শিক্ষণ ও নিরাপত্তা) প্রদানের মাধ্যমে তাদের সার্বিক বিকাশ নিশ্চিত করা এবং ৬-১০ বছর বয়সী শিশুদের সাঁতার প্রশিক্ষণের মাধ্যমে তাদের সুরক্ষা নিশ্চিতকরণ।

তিনি আরো জানান, সেন্টার ফর ইনজুরী প্রিভেনশন এন্ড রিসার্চ, বাংলাদেশ (CIPRB) কর্তৃক পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধে দিবাযত্ন কেন্দ্র "আঁচল" নামে কর্মসূচির ধারাবাহিকতায় "পানিতে ডুবে শিশু মৃত্যুরোধে বেসরকারী প্রতিষ্ঠান সেন্টার ফর ইনজুরী প্রিভেনশন এন্ড রিসার্চ, বাংলাদেশ (CIPRB)" শীর্ষক শিরোনামে একটি প্রকল্প প্রস্তাব করা হয়। উক্ত প্রকল্পের উপর গত ২৯ নভেম্বর ২০১৮ তারিখে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর সভাপতিত্বে একটি যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় চলমান আঁচল প্রকল্পে একটি সমীক্ষা পরিচালনা এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি, অর্থ বিভাগের প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধি সমন্বয়ে একটি টিম চলমান আঁচল প্রকল্পের (নমুনাভিত্তিক) সাঁতার কার্যক্রম সুবিধাজনক সময়ে পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে, গত ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে "পানিতে ডুবে শিশু মৃত্যু প্রতিরোধ, সাঁতার শেখা সহায়ক ও গবেষণা" শীর্ষক শিরোনামে একটি যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধে "আঁচল"একটি কার্যকরি পদক্ষেপ বিধায় উক্ত কার্যক্রম চলমান রাখতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় সহযোগিতা প্রদান এবং অত্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত "সমন্বিত সমাজ ভিত্তিক শিশু যত্ন কেন্দ্র এবং সাঁতার সুবিধা" শীর্ষক প্রকল্পটি যতদ্রুত সম্ভব বাস্তবায়নে শিশু একাডেমি কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার বিষয়ে Feasibility Study এবং অন্যান্য কার্যক্রমে CIPRB এবং Synergos সার্বিক কারিগরি সহায়তা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোপূর্বে অনুষ্ঠিত যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী Feasibility Study রিপোর্টসহ ডিপিপি প্রণয়ন করা হয়েছে। প্রস্তাবিত ডিপিপির বিষয়ে শিশু একাডেমির প্রতিনিধি পাওয়ার পয়েন্ট-এ বিস্তারিত উপস্থাপন করেন। সভায় আলোচনা শেষে নিম্নলিখিত সুপারিশসমূহ গৃহিত হয়ঃ

৩। সুপারিশসমূহঃ

(৩.১) 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি-২০১৬' এর ৫.১ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিশ্রুত বৈদেশিক অর্থায়ন প্রাপ্তির জন্য 'প্রাথমিক উন্নয়ন প্রকল্প ছক (পিডিপিপি)' প্রণয়ন করে পরিকল্পনা কমিশন এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করতে হবে;

(৩.২) ডিপিপিতে সরাসরি নিয়োগের বিধান রেখে পূর্ণকালীন প্রকল্প পরিচালক (অবসর প্রাপ্ত সরকারি কর্মকর্তা)প্রেষণে/অতিরিক্ত দায়িত্বে নিয়োগের বিষয়ে উল্লেখ করতে হবে;

(৩.৩) 'পাবলিক প্রকিউরমেন্ট রুল-২০০৮' এর ধারা ১০৪(গ)(অ) এবং ধারা ১০৪(গ)(আ) অনুযায়ী বুদ্ধিবৃত্তিক এবং পেশাদারী সেবা ক্রয়ের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করাসহ সেবা ক্রয়ের বিষয় এবং ক্রয় পরিকল্পনা ডিপিপিতে উল্লেখ করতে হবে;

(৩.৪) উন্নয়ন সহযোগী সংস্থার প্রস্তাবিত প্রকল্পের প্রচার প্রচারণা খাতে ব্যয় বৃদ্ধিপূর্বক বিভিন্ন অঙ্গের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে;

(৩.৫) BRAC IED উন্নয়ন সহযোগী সংস্থা না হওয়ায় প্রকল্পে অর্থায়নকারী সংস্থা হিসাবে তাদের নাম বাদ দিতে হবে। তবে BRAC IED টেকনিক্যাল সহযোগী হিসাবে প্রকল্পে সংযুক্ত থাকতে পারে;

(৩.৬) প্রকল্পের আউটপুট সুনির্দিষ্ট উদ্দেশ্য হিসাবে বর্ণনা করা হয়েছে, যা সংশোধন করা যেতে পারে;

(৩.৭) জেলা এবং উপজেলা পর্যায়ে প্রকল্প মনিটরিং কমিটির গঠন ও কার্যাবলী ডিপিপিতে উল্লেখ করতে হবে। পাশাপাশি সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে সমন্বয় রেখে কমিটিসমূহ পুনর্গঠন করতে হবে;

(৩.৮) উপরের সুপারিশসমূহ প্রতিপালনপূর্বক পুনর্গঠিত টিএপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন ।

১৮/০২/২০২১

(কাজী রওশন আক্তার)
সিনিয়র সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।